তারিখ 24 JUN 19[illegible]
পৃষ্ঠা ৭ কলাম ২

32

দৈনিক বাংলা

# এইচএসসি পরীক্ষায় দুর্নীতি রোধে পদক্ষেপ

সরকার কাল ২৫ জুন থেকে ঢাকা, রাজশাহী, যশোহর ও কুমিল্লা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিতব্য এইচ এসচি পরীক্ষা যাতে সময়সূচী অনুযায়ী দুর্নীতিমুক্ত পরিবেশে সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হতে পারে তার জন্য নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করেছে ঃ–

পরীক্ষায় নকল প্রতিরোধের লক্ষ্যে

(৭-এর পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## এইচএসসি পরীক্ষায় দুর্নীতি রোধে পদক্ষেপ

( প্রথম পৃষ্ঠার পর )

জেলা ও উপজেলা পর্যায়ে শক্তিশালী ভিজিলেন্স টীম গঠন করা হয়েছে; পরীক্ষা কেন্দ্রে আইন–শৃঙ্খলা যথাযথভাবে বজায় রাবার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হয়েছে; পরীক্ষা কেন্দ্রে ১৪৪ ধারা জারী করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে;

এবং সকল শ্রেণীর বহিরাগতের উপস্থিতি সম্পূর্ণভাবে নিষিদ্ধ করা হয়েছে। আইন অমান্যকারীদের সর্বোচ্চ দুই বছর কারাদণ্ডসহ অর্থদণ্ড দেয়া হবে; পরীক্ষা অনুষ্ঠানের ব্যাপারে কেউ শৈথিল্য প্রদর্শন করলে সংশ্লিষ্ট ব্যক্তি বা ব্যক্তিবর্গের বিরুদ্ধে আইনানুগ কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে; পরীক্ষায় দুর্নীতিতে সহায়তাকারীর বিরুদ্ধে আইন মোতাবেক সর্বোচ্চ চার বছরের কারাদণ্ড ও অর্থদণ্ডসহ কঠোর শাস্তি প্রদান করা হবে; পরীক্ষার কাজে নিয়োজিত কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ও পদিরর্শকগণ যাতে নির্ভয়ে নিজ নিজ দায়িত্ব পালন করতে পারেন তার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে; শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষা বোর্ড কর্তৃক গঠিত ভিজিলেন্স টীম পূর্ব সংবাদ না দিয়েই বিভিন্ন পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করবেন; কোন কেন্দ্রে পরীক্ষা পরিচালনায় শৈথিল্যের কারণে দুর্নীতি ঘটলে উক্ত কেন্দ্র বাতিল করা হবে; কোন পরিদর্শক দায়িত্ব পালনে অবহেলা দেখালে বা নকল করায় সহায়তা করলে তার সরকারী অনুদান বন্ধসহ বিভিন্ন প্রকার শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে; কোন পরীক্ষার্থী প্রবেশ-পত্র, রেজিষ্ট্রেশন কার্ড, কালি–কলম, প্রয়োজনীয় পেন্সিল ও যন্ত্রপাতি ছাড়া অন্য কিছু সঙ্গে আনতে পারবে না।

যদি কোন পরীক্ষার্থী পরীক্ষায় অসদুপায় অবলম্বন করে বা শৃংখলা পরিপন্থী কাজে লিপ্ত হয় তা হলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর বিরুদ্ধে নিম্নোক্ত শাস্তি প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে ঃ

পরীক্ষা কক্ষে পরীক্ষা চলাকালীন সময়ে পানি ছাড়া অন্য কিছু পান করা বা খাওয়া যাবে না। এ ধরনের অপরাধের জন্য প্রথম বারের মত ৫০ (পঞ্চাশ) টাকা জরিমানা করা হবে। যদি কোন পরীক্ষার্থী এর পুনরাবৃত্তি করে তাহলে নির্দিষ্ট দিনের ও সময়ের পরীক্ষা বাতিল করা হবে; পরীক্ষা কক্ষে এদিক ওদিক তাকানো এবং একে অন্যের সাথে কথা বলা যাবে না। এ ধরনের অপরাধের জন্য ঐ দিনের ও সময়ের পরীক্ষা বাতিল করা হবে; কেন্দ্র কর্তৃক সরবরাহকৃত প্রশ্নপত্র ও উত্তরপত্র ভিন্ন অন্য কোন প্রকার লিখিত বা মুদ্রিত কাগজ সাথে রাখলে, ডেস্কে বেঞ্চে, হাতে, কাপড়ে বা অন্য কোথাও, পিছনে অথবা পাশের বা সামনের দেওয়ালে কিছু লিখে রাখলে, দোষণীয় কাগজপত্র বা অন্য কিছু দেখে নকল করলে, অন্যের লিখিত উত্তরপত্র দেখে নকল করলে, পরীক্ষার কক্ষে অপরকে অপরাধ করতে সাহায্য করলে এবং উত্তরপত্রে প্রশ্নপত্রের সাথে সম্পর্ক বিবর্জিত আপত্তিকর কিছু লেখা অথবা অযৌক্তিক মন্তব্য বা অনুরোধ করলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর ঐ বছরের পরীক্ষা বাতিল এবং পরবর্তী বছরের জন্য পরীক্ষা দেবার অনুমতি দেয়া হবে না; পরীক্ষার হলে কোন পরীক্ষার্থী পরিদর্শকদের সাথে দুর্ব্যবহার বা ভীতি প্রদর্শন করলে; পরীক্ষা কক্ষে বাধাবিঘ্ন বা গোলযোগ সৃষ্টি করলে; দোষণীয় কাগজপত্র কক্ষ পরিদর্শককে না দিয়ে নাগালের বাইরে ফেলে দিলে বা গিলে ফেললে; একই উত্তরপত্রে দুরকম হাতের লেখা বা দুব্যক্তির হাতের লেখা হলে এবং প্রশ্নপত্র বা সাদা উত্তরপত্র বাইরে পাচার করলে ঐ বছরের জন্য সংশ্লিষ্ট পরীক্ষার্থীর পরীক্ষা বাতিল করা হবে এবং পরবর্তী দুই বছরের জন্য পরীক্ষার অনুমতি দেয়া হবে না। পরীক্ষা কক্ষে, কেন্দ্র প্রাঙ্গণে বা কেন্দ্রের ১০০ মিটারের মধ্যে কোন কক্ষ পরিদর্শককে বা সংশ্লিষ্ট অন্য কোন কর্মকর্তা/কর্মচারীকে আক্রমণ করা বা আক্রমণের চেষ্টা করলে; কক্ষ পরিদর্শকের নিকট উত্তরপত্র দাখিল না করে পরীক্ষা কক্ষ ত্যাগ করলে; রোল নম্বর পরিবর্তন/পরস্পর বিনিময় করলে অথবা অন্যায়ভাবে হস্তক্ষেপ করলে; কেন্দ্র কর্তৃক সরবরাহকৃত মূল উত্তরপত্রের খাতা পরিবর্তন করলে; পরীক্ষার্থী কর্তৃক পরীক্ষা ভবনের বাইরে অন্যের দ্বারা লিখিত উত্তরপত্র বা লিখিত অতিরিক্ত উত্তরপত্র দাখিল করলে; মিথ্যা পরিচয়দান করলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর ঐ বছরের পরীক্ষা বাতিল এবং পরবর্তী তিন বছরের জন্য পরীক্ষা দেবার অনুমতি দেয়া হবে না। খবর তথ্য বিবরণীর।